‘‘তোমরা কি জান, নিঃস্ব কে?

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ‘‘তোমরা কি জান, নিঃস্ব কে?’’ তাঁরা বললেন, ‘আমাদের মধ্যে নিঃস্ব ঐ ব্যক্তি, যার কাছে কোন দিরহাম এবং কোন মাল-সম্পদ নেই।’ তিনি বললেন, ‘‘আমার উম্মতের মধ্যে (আসল) নিঃস্ব তো সেই ব্যক্তি , যে কিয়ামতের দিন সালাত, সিয়াম ও যাকাত (এর নেকি) নিয়ে উপস্থিত হবে। (কিন্তু এর সাথে সাথে) সে এ অবস্থায় আসবে যে, সে কাউকে (দুনিয়াতে) গালি দিয়েছে, কারো প্রতি অপবাদ আরোপ করেছে, কারো (অবৈধরূপে) মাল ভক্ষণ করেছে,
কারো রক্তপাত করেছে এবং কাউকে মেরেছে। অতঃপর এ (অত্যাচারিত)কে তার নেকী থেকে দেওয়া হবে, ওকে তার নেকী দেওয়া হবে। পরিশেষে যদি তার নেকীরাশি অন্যান্যদের দাবী পূরণ করার পূর্বেই শেষ হয়ে যায়, তখন তাদের পাপরাশি নিয়ে তার উপর চাপিয়ে দেয়া হবে। অতঃপর তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে।’’ [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের জিজ্ঞেস করলেনঃ তোমরা কি জানো কে নিঃস্ব? তারা বললঃ আমাদের মধ্যে নিঃস্ব সেই ব্যক্তি যার কাছে কোন টাকা-পয়সা ও মাল-সম্পদ নেই।, তিনি বললেনঃ কিয়ামতের দিন আমার উম্মতের মধ্য থেকে সেই ব্যক্তি নিঃস্ব যে সালাত, সিয়াম ও যাকাত এর নেক আমল নিয়ে হাজির হবে, সে এমন অবস্থায় হাজির হবে যে, একে গাল-মন্দ করেছে; একে তার সম্মানে মিথ্যা অপবাদ দিয়েছে; এই ব্যক্তির অর্থ গ্রাস করেছে এবং তা অস্বীকার করেছে; এই ব্যক্তির রক্তপাত করেছে এবং তার উপর জুলুম করেছে: এবং তাকে আঘাত করেছে এবং তাকে লাঞ্ছিত করেছে; কাজেই তার নেকি থেকে মাজলূমদের দেওয়া হবে; যদি তার ওপর যেসব অধিকার ও প্রাপ্য রয়েছে তা পরিশোধ করার আগেই তার নেকি শেষ হয়ে যায়, তাহলে মাজলুমদের পাপ নিয়ে জালিমের আমলনামায় রাখা হবে এবং তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে, কারণ তার কোনো নেকি অবশিষ্ট নেই।

https://sunnah.global/hadeeth/bn/show/6454